

তারিখ... JUL 15 2006...
পৃষ্ঠা ৩ কলাম ২

যায়যায়দিন

ঢাকায় সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রতিষ্ঠা হবে সার্কের অর্থায়নে

আতিক রহমান পূর্ণিয়া

সার্ক দেশগুলোর অর্থায়নে ঢাকায় সাউথ এশিয়ান ইউনিভার্সিটি (এসএইউ) প্রাথমিক প্রস্তুতি শুরু করেছে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (ইউজিসি)। আগস্ট অনুষ্ঠিত সার্ক দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের আগামী সভায় এ সংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে। উল্লেখ্য, ঢাকায় গত বছর অনুষ্ঠিত ১৩তম সার্ক শীর্ষ সম্মেলনে এসএইউ প্রতিষ্ঠার প্রস্তাব করেছিলেন ইন্ডিয়ার প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং। প্রস্তাবটি সফল হতে ঢাকা ঘোষণায়ও স্থান পায়।

সার্ক সম্মেলনের পর ইন্ডিয়ার পক্ষ থেকে এসএইউ প্রতিষ্ঠার পূর্ণাঙ্গ প্রস্তাব ও প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করা হয় সার্ক দেশগুলোকে। আগামী ২ আগস্ট অনুষ্ঠিত পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের ২৭তম সার্ক কাউন্সিল অফ মিনিস্টারসের সভায় প্রস্তাবটি আলোচনা করা হবে বলে পররাষ্ট্র মন্ত্রণালয় গত সপ্তাহে এক চিঠিতে ইউজিসি জানিয়েছে। আজ শনিবারের মধ্যে এ বিষয়ে নীতিনির্ধারক, পাবলিক ও প্রাইভেট ইউনিভার্সিটির সিনিয়র অ্যাকাডেমিক ব্যক্তিত্ব এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রয়োজনীয় সরকারি কর্মকর্তাদের নিয়ে একটি সভা করার জন্য ইউজিসিকে অনুরোধ করা হয়েছে। সভার ফলক্রমে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও চিঠি অনুরোধ করা হয়।

এ পরিপ্রেক্ষিতে ইউজিসি মেম্বার কেএম মহসীনকে প্রধান করে ছয় সদস্যের একটি বোর্ড গঠন করেছে ইউজিসি। গত বৃহস্পতিবার এক সভার মাধ্যমে কমিটি প্রাথমিক প্রস্তুতি শুরু করেছে। আগামীকাল রবিবার মন্ত্রণালয়ে আরেকটি সভা করে এসএইউ প্রাথমিক প্রয়োজনীয় প্রস্তুতির ক্ষেত্রে চূড়ান্ত করা হবে বলে গতকাল যায়যায়দিনকে ইউজিসি চেয়ারম্যান প্রফেসর ড. এম আসাদুজ্জামান। এসএইউ প্রতিষ্ঠার বিষয়টি নিয়ে তিনি বলেন, এ ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত হলে সার্ক দেশগুলোর মধ্যে আরো উন্নতি